

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১২৯
উদয়পুর, ০৯ ডিসেম্বর, ২০২৩

শালগড়ায় বিকশিত ভারত সংকল্প যাত্রায় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল মতবিনিময় সরাসরি সম্প্রচার
বিকশিত ভারত গড়ে তুলতে প্রধানমন্ত্রী উদ্যোগ নিয়েছেন : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

বিকশিত ভারত গড়ে তুলতে প্রধানমন্ত্রী উদ্যোগ নিয়েছেন। ভারত ২০৪৭-এর মধ্যে বিকশিত রাষ্ট্র হবে। আজ টেপানিয়া ব্লকের শালগড়ায় বিকশিত ভারত সংকল্প যাত্রায় সুবিধাভোগীদের সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভার্চুয়াল মতবিনিময়ের সরাসরি সম্প্রচার অনুষ্ঠানে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক একথা বলেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত রাষ্ট্র হিসাবে গড়ে তোলার কাজ চলছে। তিনি বলেন, মহিলা, যুবক, কৃষক ও শ্রমিকসহ সমাজের সকল অংশের মানুষের সার্বিক উন্নয়নে কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্প চালু করেছে। সমাজের প্রান্তিক মানুষের কাছে তাদের প্রাপ্য অধিকার তুলে দেওয়ার জন্য প্রধানমন্ত্রী কাজ করেছেন। দেশের অর্থনৈতিক বিকাশ ও জনকল্যাণে বিভিন্ন প্রকল্প ও পরিষেবা রূপায়িত হচ্ছে। এ সমস্ত প্রকল্প ও পরিষেবার সুবিধা জনগণের কাছে পৌঁছে দিতেই বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা হয়েছে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, আগামী ২০২৬-এর মধ্যে ড্রেনের সাহায্যে জমিতে সার ও কীটনাশক ঔষধ দেওয়া পরিকল্পনা নিয়েছেন প্রধানমন্ত্রী। বিকশিত ভারত সংকল্প যাত্রায় ১৭টি কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্পের সুবিধা রাজ্যের মানুষের কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন টেপানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণারানী দাস। স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা। উপস্থিত ছিলেন উদয়পুর মহকুমার মহকুমা শাসক জয়ন্ত ভট্টাচার্য, টেপানিয়া ব্লকের বিডিও দিব্যশ্রী দাশগুপ্ত, সমাজসেবী প্রবীর দাস প্রমুখ। এই অনুষ্ঠান উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। অতিথিগণ সুবিধাভোগীদের হাতে বিভিন্ন প্রকল্পের সুবিধা তুলে দেন।
